



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

“টার্গইটইন” সফটওয়্যার ব্যবহারের উপর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ জুলাই ২০২৩ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “টার্গইটইন” সফটওয়্যার ব্যবহারের উপর একটি প্রশিক্ষণ কর্মশালা। বরিশাল বিশ্ববিদ্যালয় ও টার্গইটইন ইন্ডিয়া প্রাইভেট লিঃ যৌথভাবে এ কর্মশালাটির আয়োজন করে। ১৪ জুলাই ২০২৩ তারিখ বিকাল ৩ টায় এ কর্মশালার উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরও অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অনলাইনে অনুষ্ঠিত এ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন। কর্মশালায় সফটওয়্যারটি ব্যবহার করে কিভাবে লেখা ও গবেষণায় চৌর্যবৃত্তি রোধ করে মানসম্মত লেখা ও গবেষণা সম্পাদন করা যায় সেবিষয়ে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। যেহেতু বরিশাল বিশ্ববিদ্যালয় “টার্গইটইন” সফটওয়্যারটির ফিডব্যাক স্টুডিও ভার্সন ক্রয় করেছে সেহেতু এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের লেখা ও গবেষণা প্রবন্ধ “টার্গইটইন” সফটওয়্যার দিয়ে চেক করে লেখায় চৌর্যবৃত্তি এবং লেখার মান বিষয়ে ফিডব্যাক প্রদান করা যাবে। যা বিশ্ববিদ্যালয়ের উন্নত পাঠ কার্যক্রম এবং মানসম্মত উদ্ভাবনী গবেষণা কার্যক্রম নিশ্চিত সহায়তা প্রদান করবে। এর ফলে বরিশাল বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক পরিমন্ডলে তার সুনাম বৃদ্ধিতে সক্ষম হবে। একইসাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা তাদের কাজগুলো উক্ত সফটওয়্যারটিতে সংরক্ষণ করতে পারবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস